দৈনিক ইত্তেফাক

তারিখ ... 31 JUL 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৮

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ২০ জন ছাত্র-ছাত্রীর ভর্তির সিদ্ধান্ত বাতিলের সম্ভাবনা

**আনোয়ার আলদীন ॥**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০ জন মেধাবী ছাত্র-ছাত্রীর বিতর্কিত ভর্তির আদেশ বাতিল হইতে পারে। গত শনিবার রাতে ক্যাম্পাসে একটি ছাত্র জোটের সহিত কর্তৃপক্ষের এক বিশেষ সভায় এই ব্যাপারে প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ১০ই আগষ্ট অনুষ্ঠি-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

**২০ জন ছাত্র-ছাত্রীর**

(১ম পৃঃ পর)

তব্য ভর্তি কমিটির সভায় এই সিদ্ধান্ত চূড়ান্ত করা হইবে বলিয়া আশা করা হইতেছে। ছাত্র জোটের সহিত একই সভায় শিক্ষক-কর্মকর্তাদের পোষ্যদের বিশ্ববিদ্যালয়ে ভর্তির বিষয়ে সদ্য প্রণীত আইন আগামী শিক্ষাবর্ষ হইতে স্থগিত করারও প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট সূত্রে জানা গিয়াছে, ভর্তি পরীক্ষা ছাড়াই ২০ জন মেধাবী ছাত্র-ছাত্রীকে বাণিজ্য অনুষদে ভর্তি করার জন্য নির্বাহী ক্ষমতাবলে ভিসি কর্তৃক প্রদত্ত নির্দেশ বাতিল এবং শিক্ষক-কর্মকর্তাদের পোষ্যদের ভর্তি পরীক্ষার কেবল অংশগ্রহণ সাপেক্ষে ভর্তির জন্য প্রণীত আইন বাতিলের দাবীতে ৯টি ছাত্র সংগঠনের জোট গণতান্ত্রিক ছাত্রঐক্য ও ছাত্রলীগ (শা-পা) আন্দোলন করিয়া আসিতেছে। ছাত্রঐক্য একই দাবীতে আগামী ১৩ ও ১৪ই আগষ্ট নূতন করিয়া ছাত্র ধর্মঘটের আহ্বান করিয়াছে। এই পরিস্থিতিতে কর্তৃপক্ষ শনিবার ছাত্রঐক্যের নেতাদের সহিত এক সভায় ২০ জন ছাত্র-ছাত্রীর ভর্তির সিদ্ধান্ত বাতিল করার প্রাথমিক সিদ্ধান্ত ঘোষণা করেন।

উল্লেখ্য, ছাত্রদল ২০জন ছাত্র-ছাত্রীর ভর্তির পক্ষে আন্দোলন করিতেছে এবং এই ২০জনের মধ্যে ৭জন ছাত্র ইতিমধ্যে 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া বিভিন্ন বিভাগে ভর্তি হইয়াছে।